করুনাময়ী হত্যার প্রতিবাদে

১৭/১১/৯০

।।স্টাফ রিপোর্টার।।

পাইকগাছার হরিণখোলা ঘের জবরদখল নিয়ে সন্ত্রাসী কার্য্যকলাপের প্রতিবাদে গত বৃহস্পতিবার সকাল ১১টায় বিগোরদানা গ্রামে এক প্রতিবাদ সভা ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়।

আঃ বারেক গাজীর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় বক্তৃতা করেন 'নিজেরা করি'র মহাপরিচালক খুশী কবির, কৃষক সমিতির রশিদুজ্জামান, আওয়ামীলীগের স,ম, ইউসুপ, মহিউদ্দীন, দেলুটী ইউ,পি চেয়ারম্যান সৌমেন্দ্র নাথ হালদার। বক্তারা বলেন, হরিণখোলা ঘের মালিকের গুন্ডা কর্তৃক করুনাময়ী সরদারের মৃত্যুকে নিখোঁজ বলা হচ্ছে কিন্তু প্রকৃত অর্থে তাকে হত্যা করা হয়েছে। ঘটনায় নিহত আহতদের ক্ষতিপূরণ, বিচার বিভাগীয় তদন্ত, দোষী ব্যক্তিদের গ্রেফতার ও শাস্তি দাবীকরেন।

নেতৃবৃন্দ আরও বলেন, প্রকৃত ঘটনা চাপা দেওয়ার জন্য ষড়যন্ত্রের মাধ্যমে এলাকার নিরীহ জনগণের বিরুদ্ধে দায়েরকৃত সকল মিথ্যা মামলা ও এলাকা থেকে পুলিশ প্রত্যাহার করতে হবে। সভায় রশীদুজ্জামানকে আহবায়ক, স,ম ইউসুফ, আঃ বারেক গাজী ও সৌওমেন্দ্র নাথ হালদারকে যুগ্ম আহবায়ক করে ১৪ সদস্য বিশিষ্ট অন্যায় প্রতিরোধ কমিটি করা হয়।

।। ছাত্র ইউনিয়ন ।।

বাংলাদেশ ছাত্র ইউনিয়ন খুলনা জেলা সংসদের সভাপতি সরদার রুহিন হোসেন প্রিন্স, সাধারণ সম্পাদক এ,কে, এম বেদুঈন এক যুক্ত বিবৃতিতে বলেন, পাইকগাছা উপজেলার হরিণখোলা গ্রামে ঘের সংক্রান্ত লোমহর্ষক ঘটনার এক সপ্তাহ পরও প্রকৃত অপরাধীদের গ্রেফতার করা হয়নি বরং ঘটনা ধামা চাপা দেওয়ার অপচেষ্টা চলছে। নেতৃবৃন্দ উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে প্রকৃত হত্যাকারী ও সন্ত্রাসকারীদের গ্রেফতার ও শাস্তির দাবী করেছেন এবং এলাকাবাসীকে চিংড়ী ঘেরের অত্যাচার থেকে বাঁচাতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহবান জানান।

।।নারী নির্যাতন ও সামাজিক অনাচার— প্রতিরোধ কমিটি।।

পাইকগাছা উপজেলার হরিণ খোলা গ্রামে সংগঠিত সন্ত্রাসী কার্য্যকলাপ ও মহানগরীর রায়পাড়া ক্রস রোডস্থ জনৈক জাকির হোসেনের কন্যা চতুর্থ শ্রেণীর ছাত্রী নারগিস পারভীন ধর্ষিতা হওয়ায় নারী নির্যাতন ও সামাজিক অনাচার প্রতিরোধ কমিটির নেতৃবৃন্দ বিবৃতি প্রদান করেছেন।

বিবৃতিতে নেতৃবৃন্দ, হরিণ খোলা, গ্রামে সংঘটিত সন্ত্রাসী তৎপরতায় গুলীবিদ্ধ ও নিখোঁজ করুনাকে উদ্ধার, মিথ্যা মামলায় জড়িত ব্যক্তিদের উপর থেকে মামলা তুলে নেওয়া এবং যথার্থ তদন্তের মাধ্যমে প্রকৃত অপরাধীদের দৃষ্ঠান্তমূলক শাস্তি দাবীকরেছেন।

কমিটির নেতৃবৃন্দ অপর এক বিবৃতিতে, গত সাতই নভেম্বর রাতে রায়পাড়া ক্রস রোড এলাকার ত্রাস হিসেবে চিহ্নিত চোর বেশী দুবৃত্ত কর্তৃক চতুর্থ শ্রেণীর ছাত্রী কিশোরী নারগিস পারভীন কে মুখবেঁধে ঘরের বাঁইরে নিয়ে ধর্ষনের তীব্র নিন্দা জানিয়েছেন। নেতৃবৃন্দ এ জাতীয় অপরাধের জন্য তীব্র ঘৃণা ক্ষোভ প্রকাশ এবং সুষ্ঠু তদন্ত সাপেক্ষে প্রকৃত অপরাধীদের দৃষ্ঠান্তমূলক শাস্তিবিধানের দাবী জানিয়েছেন। বিবৃতিদাতারা হলেন, সংগঠনের সভানেত্রী বেগম মাজেদা আলী, সহ সভানেত্রী বেগম রোকেয়া মাহবুব ও যুগ্ম সম্পাদিকা বেগম জাকিয়া